বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
Bangladesh Open University
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুর- ১৭০৫।

বাউবি'র দীক্ষা: সবার জন্য উন্মুক্ত, কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা
সংগ্রহ শাখা, প্রশাসন বিভাগ

বাউবি/প্রশা(ক্রয়)-১৪(৯৩)/২০০৯-২০১০/পার্ট-০১/২৪৯

তারিখঃ ১২/০১/২০২৬

## পরীক্ষা বিভাগের বিভিন্ন ধরনের পুরাতন কাগজপত্র বিক্রয়ের উন্মুক্ত নিলাম দরপত্র বিজ্ঞপ্তি

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি) -এর পরীক্ষা বিভাগের নিম্নোক্ত বিভিন্ন ধরনের পুরাতন কাগজপত্রসমূহ উন্মুক্ত নিলাম দরপত্রের মাধ্যমে যেখানে যে অবস্থায় আছে সে অবস্থায় বিক্রয়ের জন্য অত্র বিজ্ঞাপনের শর্তানুযায়ী আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট থেকে সাদা কাগজে/নিজস্ব লেটার হেড প্যাডে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে। দরপত্রের সাথে জামানত বাবদ বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুর -এর অনুকূলে উদ্ধৃত মূল্যের ২৫% (শতকরা পঁচিশ) টাকা (তফসিলি ব্যাংক থেকে গৃহীত পে-অর্ডার/ডিমান্ড ড্রাফ্ট আকারে) সংযুক্ত করতে হবে, অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে। আগ্রহী দরদাতা ব্যক্তি/প্রতিষ্ঠান প্রয়োজনে বাউবি'র পরীক্ষা বিভাগে রক্ষিত পুরাতন কাগজপত্রসমূহ পরিদর্শন করতে পারবেন।

### পরীক্ষা বিভাগের পুরাতন কাগজপত্রের বিবরণঃ

| ক্রম | মালামালের বিবরণ | মালামালের পরিমাণ (±) | মালামাল পরিদর্শনের স্থান এবং বিক্রয়াদেশপ্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক মালামাল গ্রহনের স্থান |
|---|---|---|---|
| ১. | পুরাতন কাগজ | ৩৫ মেট্রিক টন (পঁয়ত্রিশ হাজার কেজি) | পরীক্ষা বিভাগ, বাউবি, গাজীপুর-১৭০৫। |
| ২. | OMR Sheet | ১৬ মেট্রিক টন (ষোল হাজার কেজি) | |
| ৩. | প্রশ্নপত্রসহ অন্যান্য কাগজ | ১৮ মেট্রিক টন (আঠার হাজার কেজি) | |

অফেরৎযোগ্য ১,০০০/- (এক হাজার) টাকার বিনিময়ে এতদ্‌সংক্রান্ত দরপত্র সিডিউল বাউবি'র গাজীপুরস্থ অর্থ ও হিসাব বিভাগের ক্যাশ শাখা হতে সংগ্রহ করা যাবে। দরপত্র সিডিউল ২২/০১/২০২৬ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে ক্রয় করা যাবে। এতদ্‌সংক্রান্ত মালামালসমূহের বিস্তারিত বিবরণ সিডিউলে পাওয়া যাবে।

দরপত্রসমূহ বাউবি'র গাজীপুরস্থ ট্রেজারার মহোদয়ের দপ্তরে এবং বাউবি ঢাকাস্থ আঞ্চলিক অফিস (ঢাকা আঞ্চলিক কেন্দ্র, ৪/ক, গভর্নমেন্ট ল্যাবরেটরি স্কুল রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৫) এ রক্ষিত দরপত্র বাক্সে আগামী ২৬/০১/২০২৬ তারিখ দুপুর ০২:০০ টা পর্যন্ত গ্রহণ করা হবে এবং একই দিন ০২:১৫ মিনিটে দাখিল/গ্রহণের স্থানে উপস্থিত দরদাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

সকল দরদাতাকে কার্যাদেশ/বিক্রয়াদেশ পাওয়ার ১০(দশ) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% অর্থ ও সরকারী আইন/বিধি মোতাবেক নিলাম পণ্যের ক্রেতাকে উৎসে কর ও ভ্যাট প্রদানপূর্বক মালামাল গ্রহণ করতে হবে। অন্যথায় জামানত বাজেয়াপ্তপূর্বক দরপত্র বাতিল করা হবে। দরপত্রের মেয়াদ ৯০(নব্বই) দিন বহাল থাকবে।

বাউবি কর্তৃপক্ষ যে কোন বা সকল দরপত্র কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে গ্রহণ/বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

১২/১/২০২৬
(মোঃ মুসা আজম)
যুগ্ম-পরিচালক (সংগ্রহ)
সংগ্রহ শাখা, প্রশাসন বিভাগ
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
গাজীপুর-১৭০৫।
টেলিফোন নম্বরঃ ০৯৬৬৬৭৩০৭৩০
আইপি এক্সঃ ৮৬২

*বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়-এর বিভিন্ন প্রোগ্রামের ভর্তির তথ্যের জন্য বাউবি'র ওয়েবসাইট www.bou.ac.bd দেখুন।*